

আনন্দে ভাসছে শিশুরা

বিস্ময়কর ফলাফল অষ্টম শ্রেণীতে

- ৮ শিক্ষা বোর্ডে জেএসসি-জেডিসি পাসের হার ৮৬.৯৭%

রাকিব উদ্দিন

বিস্ময়কর সাফল্য অর্জন করেছে অষ্টম শ্রেণীর শিশুরা। ফলাফলের প্রতিটি সূচকেই ইতিবাচক অগ্রগতি হয়েছে। বেড়েছে পাসের হার ও জিপিএ-৫ বা গ্রেড পয়েন্ট এভারেস্ট। তৃতীয়বারের মতো অনুষ্ঠিত অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাবল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় এবার কমেছে শতভাগ অনুষ্ঠিত প্রতিষ্ঠানের সংখ্যা। শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা দেখেছে প্রিন্সিপালরা। এবার জেএসসি ও জেডিসিতে পাস করেছে ৮৬ দশমিক ৯৭ শতাংশ ছাত্রছাত্রী। গত বছর এ হার

ছিল ৮৩ দশমিক ৭১ শতাংশ। সাধারণ ৮টি শিক্ষা বোর্ডের জেএসসিতে এবার পাসের হার ৮৬ দশমিক ১১ ভাগ ও সমমানের মাদ্রাসার জেডিসিতে পাসের হার ৯০ দশমিক ৮৭ শতাংশ। অর্থাৎ গত বছরের চেয়ে এবার পাসের হার ৩ দশমিক ২৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। দেশের দ্বিতীয় বৃহত্তম ও পাবলিক পরীক্ষায় ৯টি বোর্ড থেকে অংশগ্রহণ করেছিল ১৮ লাখ ৪১ হাজার ৭২৬ জন, যা গত বছরের চেয়ে ৪১ হাজার ৭৭৯ জন বেশি। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৬ লাখ এক হাজার ৭৫০ জন, যা গত বছরের তুলনায় ৯৪ হাজার ৯৬৭ জন বেশি। জেএসসি ও জেডিসিতে জিপিএ-৫ প্রাপ্ত বিস্ময়কর : পৃষ্ঠা ১৫ ক : ৫

২

P. T. O